

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১২.০১২.২০১৫-৮৩৩

তারিখ : ০১ শ্রাবণ ১৪২৩  
১৬ জুলাই, ২০১৬


### প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ শহীদুল ইসলাম ভূঁইয়া, চেয়ারম্যান, রামগড় উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর বিরুদ্ধে দায়েরকৃত রামগড় থানার মামলা নং-০৪/২৯, তারিখ-২৮/০৬/১৯৯৯ (জি আর ৮(ক)/১৫), এসটি ৫০/২০০১ মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ শহীদুল ইসলাম ভূঁইয়া, চেয়ারম্যান, রামগড় উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা - এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহিত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে খাগড়াছড়ি পার্বত্য জেলার রামগড় উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম ভূঁইয়াকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

  
২৬/৭/১৬  
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০


e-mail: lgd.upazila2@gmail.com

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১২.০১২.২০১৫-৮৩৩ /১(১৩)

তারিখ : ০১ শ্রাবণ ১৪২৩  
১৬ জুলাই, ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), রামগড় উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২. জনাব মোঃ শহীদুল ইসলাম ভূঁইয়া, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) রামগড় উপজেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

  
২৬/৭/১৬  
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০